

নং-এডি-পি(২)-১১৩৪/৬৬

২৬ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ  
তারিখঃ -----  
০৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা জনাব মোঃ শাহীন মিয়া-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ উপ-হাইকমিশন, মুম্বাই-এ প্রশাসনিক কর্মকর্তা পদে বদলি করা হলোঃ

- ক) বেতন : জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী।  
খ) বৈদেশিক ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।  
গ) চিকিৎসা ভাতা : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে চিকিৎসা সুবিধাদি।  
ঘ) সন্তানাদির শিক্ষা ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।  
ঙ) উৎসব ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।  
চ) বাসস্থান : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে আসবাবপত্রসহ বাসস্থান।  
ছ) বদলি অনুদান : ঢাকায় আহরিত মাসিক বেতনের অর্ধেকের সমপরিমাণ অর্থ। বেতনের এক চতুর্থাংশ ঢাকায় এবং এক চতুর্থাংশ মুম্বাই-এ প্রদেয়।  
জ) ভ্রমণ ব্যয় : বিধি অনুযায়ী নিজ এবং পরিবারের সদস্যদের জন্য অনুমোদিত পথে সরকারি ব্যয়ে ঢাকা হতে মুম্বাই পর্যন্ত বিমানে সুলভ শ্রেণি-তে (Economy Class) ভ্রমণ এবং তদসঙ্গে আনুষঙ্গিক ব্যয়।  
ঝ) ব্যক্তিগত মালামাল পরিবহন ব্যয় : বিধি অনুযায়ী ঢাকা হতে মুম্বাই পর্যন্ত ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ অথবা ব্যক্তিগত মালামাল পরিবহন বাবদ প্রকৃত খরচ।

২। জনাব মোঃ শাহীন মিয়া-কে উক্ত মিশনে অবিলম্বে যোগদানের জন্য নির্দেশ দেয়া হলো।

৩। উক্ত কর্মকর্তা সরকারি বাসায় অবস্থান করলে আবাসন সংক্রান্ত বিষয়াদি দায়িত্বভার ত্যাগের পূর্বে আবশ্যিকভাবে সাধারণ সেবা-১ শাখায় বুঝিয়ে দিবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বদলি আদেশ জারি করা হলো।

**স্বাক্ষরিত**

(মোঃ মাহাদি আলম বিনতু)  
সহকারী সচিব (সংস্থাপন-২)  
ফোনঃ ৯৫৬২৯৫১  
ই-মেইল: p2@mofa.gov.bd

নং-এডি-পি(২)-১১৩৪/

২৬ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ  
তারিখঃ -----  
০৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক (প্রশাসন/পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
২। পরিচালক (পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
৩। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২তলা সরকারি অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।  
৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (পিএন্ডও/এসএসএ/বাজেট/কনসুলার/এমবি এন্ড ইক্যুপমেন্ট/সাধারণ সেবা-১ ও ২/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।  
৬। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তা ও পরিবারের সদস্যদের অনুকূলে পাসপোর্ট প্রদানের অনুরোধসহ)।  
৭। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (প্রধান কার্যালয়), মতিঝিল, ঢাকা।  
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমান বন্দর, ঢাকা (উক্ত কর্মকর্তা ও তার সহগামীদের বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ, ফ্যাক্স নং-৮৯০১৫৪৪)।  
৯। দূতালয় প্রধান, বাংলাদেশ উপ-হাইকমিশন, মুম্বাই।  
১০। জনাব মোঃ শাহীন মিয়া, সহকারী সাইফার কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
১১। অফিস কপি।

**Mahady Alam**  
09/02/2020  
(মোঃ মাহাদি আলম বিনতু)  
সহকারী সচিব (সংস্থাপন-২)